দৈনিক বাংলা

তারিখ 07 JUN 1994
পৃষ্ঠা ৭ কলাম ১

146

# কুমিল্লা বোর্ড ঃ ছিনিয়ে নেয়া ৫০টি খাতা উদ্ধার হয়নি

নিজস্ব সংবাদদাতা ঃ কুমিল্লা ৫ জুন।– কুমিল্লা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ছিনিয়ে নেয়া ৫০টি উত্তর পত্র উদ্ধার করা সম্ভব হয়নি।

গতকাল ধর্মঘটী শিক্ষকদের কুমিল্লা শিক্ষা বোর্ড ঘেরাও কালে এ উত্তর পত্র ছিনতাই হয়। এছাড়া উত্তরপত্র নিতে আসা কয়েকজন পরীক্ষকও লাঞ্ছিত হন। গতকালের ঘেরাও কর্মসূচীতে কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, সিলেট হবিগঞ্জ, ফেনী, নোয়াখালী ও চট্টগ্রাম জেলার ২/৩ হাজার শিক্ষক অংশ নেন।

গতকাল ছিল কুমিল্লা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার অংক খাতা বিতরণের তারিখ কিন্তু বেসরকারী শিক্ষকদের ঘেরাও'র ফলে তা বিতরণ করা সম্ভব হয়নি। বোর্ড কর্তৃপক্ষ জানান এর আগে বাংলা প্রথম ও দ্বিতীয়, ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের খাতা নির্বিঘ্নেই বিতরণ করা হয়েছে।

ব্রাহ্মণবাড়িয়া অন্নদা সরকারী স্কুলের শিক্ষক নৃপেন্দ্র ভৌমিক মূলত ঃ বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষক হলেও ভুলক্রমে তাঁর কাছে ৫০টি প্রথম পত্রের খাতা চলে যায় তিনি এ খাতা পাল্টিয়ে নেয়ার জন্যই গতকাল বোর্ডে এসে ছিলেন। তাঁর পাল্টিয়ে নেয়া ৫০টি বাংলা দ্বিতীয় পত্রের খাতাই ছিনতাই হয়।

আগামী ১১ জুন পর্যন্ত কুমিল্লা শিক্ষা বোর্ড উত্তরপত্র বিতরণ স্থগিত ঘোষণা করেছে বলে কোন কোন পত্রিকায় যে সংবাদ প্রকাশিত হয়েছে তা সঠিক নয় বলে কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবদুল মজিদ এ সংবাদদাতাকে জানান। তিনি বলেন কুমিল্লা শিক্ষা বোর্ডের উত্তরপত্র বিতরণ কর্মসূচীই যথারীতি চলবে।

উত্তর পত্র ছিনতাইয়ের ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষ কোন মামলা দায়ের করেনি এটা উল্লিখিত পরীক্ষকেরই দায়িত্ব বলে চেয়ারম্যান জানান।